# "জমিসহ বাড়ি ক্রয় বিজ্ঞপ্তি"

স্মারক নং: ২৭.১২.০০০০.১৬৮.০৪.৪০৯.২৬.৩৫৭ তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রিষ্টাব্দ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) এর সদর দপ্তর নিকুঞ্জ-২ আবাসিক এলাকায় ট্রেনিং হোস্টেল স্থাপনের জন্য এক বা একাধিক জমিসহ বাড়ি ক্রয় (ন্যূনতম ০৬ তলা ভবন) করা হবে।

| ক্রম | জমিসহ বাড়ি ক্রয়ের বিবরণ | বাড়িসহ জমির অবস্থান | জমিসহ বাড়ির পরিমাণ/তলা |
|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রশিক্ষণার্থীদের জন্য হোস্টেল স্থাপন | নিকুঞ্জ-২ আবাসিক এলাকা | ২.৫/৫ কাঠার উপর নির্মিত ন্যূনতম G+5 তলা ভবন (লিফটসহ/ লিফট ছাড়া) |

**শর্তাবলী:**

০১। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর সদর দপ্তরের নিকটবর্তী স্থানে ট্রেনিং হোস্টেল স্থাপনের জন্য নিকুঞ্জ-২, আবাসিক এলাকায় এক বা একাধিক জমিসহ বাড়ি ক্রয় করা হবে;

০২। জমি নিষ্কণ্টক হতে হবে এবং জমিসহ বাড়ির মালিকানার স্বপক্ষে দলিল, বায়া দলিল (সিএস/এসএ/ বিআরএস/সিটি জরিপ), হালনাগাদ নামজারি, রেকর্ড ও ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ, সিটি কর্পোরেশনের ট্যাক্সের রশিদ, রাজউক কর্তৃক অনুমোদিত ভবনের নকশা, সাব-রেজিষ্ট্রার অফিস কর্তৃক নির্দায়ী সনদ (হালনাদাগকৃত) ইত্যাদির অনুলিপি (প্রযোজ্যতা অনুযায়ী) প্রস্তাবের সাথে দাখিল করতে হবে;

০৩। জমিসহ বাড়ির তফসিল উল্লেখপূর্বক মৌজা ম্যাপে প্রস্তাবিত জায়গা চিহ্নিত করতঃ তা সংযুক্ত করতে হবে;

০৪। পানি, বিদ্যুৎ ও গ্যাস এর বৈধ সংযোগ (যদি থাকে) এবং প্রস্তাবে পানি, বিদ্যুৎ ও গ্যাসের সর্বশেষ বিল পরিশোধের কপি সংযুক্ত করতে হবে;

০৫। জমিসহ বাড়ির মালিকানা ও দখলি স্বত্ব বিষয়ে আদালতে কোন মামলা মোকদ্দমা নাই; উহা অর্পিত সম্পত্তির প্রত্যর্পণ আইন মোতাবেক 'ক' গেজেটভুক্ত/সার্টিফিকেট মামলা ঋণ/অধিগ্রহণাধীন প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইনের আওতাধীন নহে এ মর্মে জমির মালিক/বৈধ প্রস্তাবকারী কর্তৃক নোটারীকৃত প্রত্যয়ন/ঘোষণাপত্র দাখিল করতে হবে;

০৬। বৈধ ক্ষমতাপ্রাপ্ত বিক্রেতা/প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ক্ষমতাপ্রাপ্তির প্রমাণক হিসেবে রেজিস্টার্ড চুক্তিপত্র/ অপরিবর্তনীয় আমমোক্তারনামা দাখিল করতে হবে;

০৭। জমিসহ বাড়ির মালিক/মালিকগণ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স এর সনদ দাখিল করতে হবে;

০৮। সকল দরদাতার প্রস্তাবিত জমিসহ বাড়ির দরদাতার বৈধ অধিকারে এবং দখলে থাকতে হবে। প্রস্তাব দাখিলের পর কমিটির প্রয়োজন অনুযায়ী সরেজমিনে বাড়ি পরিদর্শনের ব্যবস্থা করতে হবে;

০৯। জমিসহ বাড়ি ক্রয়ের ক্ষেত্রে জমির মালিক/মালিকগণ কর্তৃক জমির দলিলের সাথে জমির সঠিক পরিমান (দখলকৃত) আমিন/সার্ভেয়ার দ্বারা মেপে বুঝিয়ে দিবেন এবং বাড়িতে রাজউক অনুমোদিত স্কয়ার ফিট নকশা অনুযায়ী বুঝিয়ে দিবেন;

১০। জমিসহ বাড়ি ক্রয়ের ক্ষেত্রে (০২ হতে ০৭) শর্তাবলীর যাবতীয় কাগজপত্র একটি মুখবন্ধ খামে খামের উপরে "কাগজপত্র/দলিলাদি" লিখে এবং দাখিলকৃত মূল্য অন্য একটি মুখবন্ধ খামে খামের উপরে "আর্থিক প্রস্তাব" লিখে উক্ত দুইটি খাম একটি বড় খামের ভিতর ঢুকিয়ে চূড়ান্ত একটি প্রস্তাব দাখিল করতে হবে। উল্লেখ্য, আর্থিক প্রস্তাবে প্রতি কাঠা/শতক জমির মূল্য উল্লেখ করতে হবে;

১১। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত সকল কাগজাদি/দলিলাদি কমিটি কর্তৃক উন্মুক্ত করা হবে। তবে, আর্থিক প্রস্তাবসমূহ বন্ধ অবস্থায় সংরক্ষণ করা হবে। সরেজমিনে বাড়ি পরিদর্শনের পর ক্রমিক ০২ হতে ০৭ পর্যন্ত বর্ণিত কাগজাদি যথাযথ থাকা সাপেক্ষ্যে কেবলমাত্র প্রশিক্ষণ হোস্টেল স্থাপনের উপযোগী বাড়িসমূহের আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হবে এবং অন্যান্য আর্থিক প্রস্তাবসমূহ উন্মুক্ত করণের সময় বন্ধ অবস্থায় ফেরত (দরদাতা যদি উপস্থিত থাকেন) প্রদান করা হবে। যাবতীয় সুবিধা পর্যালোচনান্তে উৎকৃষ্ট এক বা একাধিক বাড়ি ক্রয় করা হবে;

১২। জমিসহ বাড়ির মূল মালিক/মালিকগণের নামে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বাপবিবোর্ড কর্তৃক মূল্য পরিশাধ করা হবে এবং সরকারি নিয়মানুযায়ী জমিসহ বাড়ি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় ক্রেতা কর্তৃক বহন করা হবে। তবে গেইন ট্যাক্স জমির মালিক-কে পরিশোধ করতে হবে;

১৩। যে কোন প্রস্তাব গ্রহণ/বাতিল কিংবা সকল প্রস্তাব বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।বর্ণিত এলাকায় উল্লিখিত জমিসহ বাড়ি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমিসহ বাড়ির মালিক/মালিকগণকে আগামী ১৭/০৯/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত দলিলাদি সহকারে পরিচালক (প্রশাসন), সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, সদর দপ্তর ভবন, ২য় তলা, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর আবেদন জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিস্তারিত তথ্যের জন্য নিম্নোক্ত টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

টেলিফোন নম্বর: ০২-৮৯০০৪২৭

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

**পরিচালক (প্রশাসন)**
**সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর**
**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
**নিকুঞ্জ-২, খিলক্ষেত**
**ঢাকা-১২২৯।**

বাপবিবো/জন( )/২০২৬-২৭